



পল্লী সঞ্চয় ব্যাংক
প্রধান কার্যালয়

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার

৩৭/৩/এ, ইন্সটান গার্ডেন রোড, ঢাকা - ১০০০।

পসব্য/প্রকা/প্রশা-১৩/২০২২-২৩-১০৬১৪

তারিখঃ ১২.০২.২০২৩ খ্রি.

বিষয়ঃ ২০২২-২৩ এর লক্ষ্যমাত্রা অর্জনে করণীয় সংক্রান্ত নির্দেশনা প্রদান প্রসংগেঃ

পল্লী সঞ্চয় ব্যাংকের লক্ষ্য-উদ্দেশ্য বাস্তবায়নে গৃহীত বার্ষিক পরিকল্পনার তথ্য বিশ্লেষণে দেখা যায় ২০২২-২৩ অর্থ বছরের বিগত ৭ মাসে পরিকল্পিত লক্ষ্যমাত্রা অর্জিত হয়নি বিধায় সম্মানিত পরিচালনা বোর্ড অসন্তোষ প্রকাশ করেছেন। সে প্রেক্ষিতে সঠিক কর্মপরিকল্পনা প্রণয়ন করে আগামী ৫ মাসের মধ্যে গৃহীত বার্ষিক লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের জন্য নিম্নোক্তভাবে নির্দেশনা প্রদান করা হলো।

২. স্ব-স্ব মাঠ সহকারী উঠান বৈঠক সূচি মোতাবেক উঠান বৈঠকের মাধ্যমে সদস্যদের কাছে রক্ষিত পাস বইয়ে পোস্টিং দিয়ে নতুন বিতরণকৃত ঋণের মাসিক কিস্তি এবং সঞ্চয় আদায় শতভাগ নিশ্চিত করবেন, যা জুনিয়র অফিসার (মাঠ) এবং শাখা ব্যবস্থাপক নিয়মিত মনিটরিং করবেন।

৩. চলতি খেলাপি (১-১২ মাস উত্তীর্ণ) ঋণের বকেয়া টাকা আদায় করে মেয়াদোত্তীর্ণ রোধ করতে হবে, যাতে করে নতুন বিতরণকৃত টাকা অনিয়মিত হয়ে মেয়াদোত্তীর্ণের দিকে ধাবিত না হয়।

৪. মেয়াদোত্তীর্ণ ঋণের পাওনাভিত্তিক (বিতরণকৃত ঋণের বকেয়া ১০০%, ৭৫%, ৫০% ও ২৫%) তালিকা করে অগ্রাধিকার দিয়ে (পাওনা ঋণ ২৫%, ৫০%----) ঋণগ্রহীতাদের সাথে ক্রমাগত যোগাযোগ অব্যাহত রেখে মেয়াদোত্তীর্ণ ঋণ আদায়ের উদ্যোগ নিতে হবে। এ ক্ষেত্রে শাখার জুনিয়র অফিসার ও সফল কর্মীদের টীম লিডার করে দল গঠনের মাধ্যমে বিশেষ কর্মসূচি গ্রহণ করে বকেয়া ঋণ আদায় করতে হবে।

৫. বাস্তবতার আলোকে শাখা ব্যবস্থাপক ও জেলার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার উদ্যোগে বিশেষ মিটিং এর আয়োজন করে বকেয়া ঋণ আদায়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

উপকারভোগী সদস্যদের সাথে নিবিড় যোগাযোগের মাধ্যমে সু-সম্পর্ক স্থাপন করে সঠিক পরামর্শ ও দিকনির্দেশনায় উদ্বুদ্ধ করতে পারলেই ব্যাংকের গৃহীত পরিকল্পনা বাস্তবায়নসহ মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার দারিদ্র্য বিমোচনের স্বপ্নপূরণ সম্ভব হবে।

(খান ইকবাল হাসান)

উপ-ব্যবস্থাপনা পরিচালক

অনুলিপিঃ সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে -

১. স্টাফ অফিসার টু চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক।
২. স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক।
৩. স্টাফ অফিসার টু উপ-ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক।
৪. স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক।
৫. সকল পরামর্শক, পল্লী সঞ্চয় ব্যাংক।
৬. সকল জেলা কর্মকর্তা, পল্লী সঞ্চয় ব্যাংক।
৭. সকল শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক।
৮. নথি।

Pls upload
12/2/23